

## ভিকারুননিসায় ভর্তি সরকারী নীতিমালা অনুসারেই চলবে

স্টাফ রিপোর্টার ॥ ভিকারুননিসায় নূন স্কুল এ্যান্ড কলেজে ভর্তিতে শিক্ষা মন্ত্রণালয়ের নীতিমালা স্থগিত করে হাইকোর্টের দেয়া আদেশ ছয় সপ্তাহের জন্য স্থগিত করেছেন চেম্বার জজ আদালত। হাইকোর্টের আদেশ স্থগিত চেয়ে রাষ্ট্রপক্ষের করা আবেদনের শুনানি নিয়ে রবিবার চেম্বার বিচারপতি মির্জা হোসেন হায়দার এ আদেশ দেন।?? এ আদেশের ফলে এখন সরকারের নীতিমালা অনুসারেই ফলের ভিত্তিতে ভিকারুননিসায় ভর্তি কার্যক্রম চলবে।

আদালতে রাষ্ট্রপক্ষে ছিলেন এ্যাটর্নি জেনারেল মাহবুব আলম, সঙ্গে ছিলেন সহকারী এ্যাটর্নি জেনারেল অরবিন্দ কুমার রায়। এদিকে ঢাকা শিক্ষা বোর্ডের আইন উপদেষ্টা মিজানুর রহমান বলেছেন, ভিকারুননিসায় ভর্তি সংক্রান্ত হাইকোর্টের দেয়া ১৬ মে'র আদেশটি চ্যালেঞ্জ করে চেম্বার জজ আদালতে গিয়েছিল বোর্ড কর্তৃপক্ষ। এর প্রেক্ষিতে চেম্বার জজ আদালত হাইকোর্টের ওই আদেশটি ছয় সপ্তাহের জন্য স্থগিত ঘোষণা করেন। এর আগে

গত ১০ মে উচ্চ মাধ্যমিক পর্যায়ে দেশের সকল সরকারী-বেসরকারী কলেজে জারি ভর্তি নীতিমালার বৈধতা চ্যালেঞ্জ করে রিট আবেদনটি করেন সপ্তমিকোর্টের আইনজীবী ও ভিকারুননিসায় কলেজ পরিচালনা কমিটির সদস্য ইউনুছ আলী আকন্দ। রিট আবেদনের শুনানি নিয়ে উচ্চ

### হাইকোর্টের আদেশ ৬ সপ্তাহের জন্য চেম্বার আদালতে স্থগিত

মাধ্যমিক ভর্তিতে ভিকারুননিসায় ফেব্রুে শিক্ষা মন্ত্রণালয়ের নীতিমালা স্থগিত করেন হাইকোর্ট। পাশাপাশি ভর্তি নীতিমালা-২০১৭ কেন অবৈধ ঘোষণা করা হবে না, তা জানতে চেয়েও রুল জারি করেন আদালত। চার সপ্তাহের মধ্যে শিক্ষা সচিব, ঢাকা শিক্ষা বোর্ডের (১৯ পৃষ্ঠা ১ কঃ দেখুন)

### ভিকারুননিসায়

(২০-এর পৃষ্ঠার পর)

চেয়ারম্যানসহ চারজনকে রুলের জবাব দিতে বলা হয়।

জানা গেছে, আদালতের রায়ের পরও ভিকারুননিসায় নূন কর্তৃপক্ষ সরকারী নীতিমালা মেনেই ভর্তি কার্যক্রম চালিয়ে যাচ্ছিল। এক সদস্য রিট করলেও অন্যরা সরকারী নিয়ম মেনেই ভর্তি অব্যাহত রাখার পক্ষে ছিলেন। তবে আদালতের রায় নিয়ে ভর্তি পরীক্ষার মাধ্যমে ভর্তির কাজ চলছে অপূর্ তিন প্রতিষ্ঠানে। উচ্চ মাধ্যমিকে মাধ্যমিকের ফলের ভিত্তিতে ভর্তির বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়ের জারি করা নীতিমালা রাজধানীর ওই তিন কলেজের ক্ষেত্রে

স্থগিত করেছে হাইকোর্ট। ফলে এসএসসির ফলের মেধা তালিকায় নয়, ভর্তি পরীক্ষার মাধ্যমেই রাজধানীর হলিক্রস, নটরডেম ও সেন্ট জোসেফ কলেজ উচ্চ মাধ্যমিক ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে পারছে।

নটরডেম কলেজে চলছে ভর্তি পরীক্ষার জন্য আবেদন প্রক্রিয়া। ১৬ মে থেকে শুরু হয়েছে আবেদন। আজ আবেদনের শেষ দিন। এছাড়া হলিক্রস কলেজে ১৯ মে থেকে আবেদন শুরু হয়েছিল। রবিবার শেষ হয়েছে। এখানে বাছাই পরীক্ষা হবে আগামী ২৬ মে। সেন্ট জোসেফ স্কুল এ্যান্ড কলেজে ১৭ মে থেকে শুরু হয়েছিল আবেদন। শনিবার আবেদনের সময় শেষ হয়েছে।

সারাদেশে নীতিমালার তিন বছর ধরে বাস্তবায়ন হলেও নটরডেম কলেজ, হলিক্রস ও সেন্ট জোসেফ স্কুল এ্যান্ড কলেজ শুরু থেকেই আদালতে নীতিমালার স্থগিতাদের নিয়ে নিজস্ব নিয়মে শিক্ষার্থী ভর্তি করছে। তারা আদালতে রিট করে ভর্তি পরীক্ষা নিয়েই করছে শিক্ষার্থী ভর্তি। সরকারী নিয়ম মানলে একদিকে ভাল শিক্ষার্থী ভর্তি করা সম্ভব নয় অন্যনিকে তাদের প্রতিষ্ঠানের স্বকীয়তা নষ্ট হচ্ছে- এমন অভিযোগ এনে আদালতে রিট করে জয়ী হয় তিন প্রতিষ্ঠান। একই প্রক্রিয়ায় এবারও তারা পেয়েছে আদালতের রায়।